

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নথি নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭


তারিখ: ০৯ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ  
২৩ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলন।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি ও প্রধান শিক্ষকের যৌথ স্বাক্ষরে উত্তোলন করা হয়ে থাকে। মাননীয় সংসদ সদস্যগণ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি পদে থাকা সংক্রান্ত সম্প্রতি সুপ্রীম কোর্টের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনে সমস্যার সৃষ্টি হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০০৯ এর ৬(খ) এবং ৮ (৩) অনুচ্ছেদ-এর মর্ম অনুযায়ী সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং অধ্যক্ষ/প্রধান শিক্ষকের যৌথ স্বাক্ষরে উত্তোলন করা যাবে।

২.০ সরকার কর্তৃক পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত এ আদেশ বহাল থাকবে।

  
(চৌধুরী মুফাদ আহমদ)  
অতিরিক্ত সচিব (মাধ্যমিক)  
ফোন : ৯৫৫০৩৪১।

বিতরণ:

১. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/মাধ্যমিক/কারিগরি/মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, স্কাউট ভবন, ঢাকা।
৬. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক-১/মাধ্যমিক-২/বিশ্ববিদ্যালয়/ অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৯. জেলা প্রশাসক (সকল) .....(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল).....।
১৫. জেলা শিক্ষা অফিসার (সকল) .....(সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .....